R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

অবজেকশন ফর্ম, রেশন কার্ডের ফর্ম, পি ট্যাক্সের এবং এম আর ডিলারদের যাবতীয় ফর্ম, ঘরভাড়া রসিদ, খোঁয়াড়ের রসিদ ছাড়াও বহু ধরনের ফরম এখানে পাবেন।
দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন
রঘুনাথগঞ্জ ঃঃ ফোন নং-৬৬-২২৮

৮২শ বর্ষ
৩৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৮ই পৌষ বুধবার, ১৪০২ সাল।
৩রা জানুয়ারী, ১৯৯৬ সাল।

নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## আগ্নেয়াস্ত্র ও মারাত্মক অস্ত্র পাচারের কাজে স্কুল ছাত্রদেরও লাগানো হচ্ছে

বিশেষ সংবাদদাতা ঃ সারা মুর্শিদাবাদে আগ্নেয়াস্ত্রসহ মারাত্মক বিভিন্ন অস্ত্রশস্ত্র ঘরে ঘরে পাচার হচ্ছে বলে জোর আলোড়ন উঠেছে! খবর গোপন অস্ত্রপাচার চক্রের সঙ্গে জড়িত দুষ্কৃতিরা রঘুনাথগঞ্জ শহরেও সক্রিয় হয়ে উঠেছে। এই পাচার কাজে তারা স্কুল ছাত্রদেরও কাজে লাগাচ্ছে পুলিশের চোখে ধূলো দিতে। যতটুকু জানা যায় এই চক্র ছাত্রদের সিনেমা দেখা বা মিষ্টি খাবার টাকা দিয়ে বশ করে তাদের মাধ্যমে অস্ত্রভর্তি প্যাকেট বা বাক্স বিভিন্ন আস্তানায় পাচার করে দিচ্ছে। পুলিশের কাছেও এ খবর পৌঁছেছে বলে আমরা খবর পেয়েছি। কিন্তু স্থানীয় পুলিশ ছেলেদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবার আশঙ্কায় তাদের আটক না করে পরিস্থিতির উপর নজর রাখছেন এবং অভিভাবকদের সাবধান করে দিচ্ছেন বলে শোনা যাচ্ছে। এখনই এই দুষ্টচক্রকে নিষ্ক্রিয় করতে না পারলে নিরপরাধ ছাত্ররা অর্থের প্রলোভনে দুষ্কৃতিদের সঙ্গে জড়িয়ে পড়বে বলে কিছু কিছু অভিভাবক আতংকিত হয়ে পড়েছেন।

## চার ভাই খুনের ঘটনাস্থলে বিশাল কংগ্রেসী জনসভা

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি থানার হাজীপুরে কংগ্রেসী চার ভাই এর খুনের প্রতিবাদ জানাতে বিশাল এক জনসভা করলেন কংগ্রেসের রাজ্য ও জেলা নেতৃত্ব গত ২৭ ডিসেম্বর সোমেন মিত্রের নেতৃত্বে ছাত্র-পরিষদের ২ হাজার ছাত্র সমর্থক বহরমপুর থেকে মিছিল করে পদব্রজে সভাস্থল হাজীপুরে আসেন। সভায় লক্ষাধিক মানুষের সমাবেশ বিস্ময়ের সৃষ্টিই করে না, সঙ্গে সঙ্গে সিপিএমের চ্যালেঞ্জের যোগ্য জবাবও দেয় বলে মনে করা হয়। এর কয়েকদিন পূর্বে রঘুনাথগঞ্জে ফুলতলায় এক পথসভায় সিপিএমের জবরদস্ত নেতা ও পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য কংগ্রেসকে চ্যালেঞ্জ জানিয়ে হাজীপুরে শহীদবেদী নির্মাণ করে জনসমর্থনের হিম্মত দেখাতে বলেন। কংগ্রেস সভাপতির এই জনসভা তার যোগ্য জবাব বলেই জনসাধারণ মনে করছেন। সভায় সোমেন মিত্র ছাড়া ছিলেন রাজ্যসভার বিরোধী ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## চাঁই নেতারা দিল্লীতে প্রধান মন্ত্রীর কাছে ডেপুটেশন দিলেন

বিশেষ সংবাদদাতা ঃ পঃ বঙ্গ চাঁই সমাজ উন্নয়ন সমিতির রাজ্য সম্পাদক ভরতচন্দ্র মণ্ডলসহ বেশ কিছু নেতা সাংসদ গণি খাঁন চৌধুরীর সঙ্গে দিল্লীতে প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের কাছে ডেপুটেশন দেন গত ৯ ডিসেম্বর। প্রধানমন্ত্রীর দরবারে চাঁইদের এস, সি হিসাবে স্বীকৃতির দাবী জানান তাঁরা। প্রধানমন্ত্রী সমাজ কল্যাণ দপ্তরের বিভাগীয় মন্ত্রী আসলাম শের খাঁনকে এঁদের দাবী বিবেচনার জন্য প্রেরণ করেন। মন্ত্রী আলোচনার পর এক মাসের মধ্যে চাঁইদের দাবী মেনে নেবার প্রতিশ্রুতিও দেয়া হয়। প্রয়োজনে মালদা মুর্শিদাবাদে সরজমিনে গিয়ে চাঁইদের অবস্থা দেখবেন বলে আসলাম শের খাঁন কথা দেন। চাঁই নেতারা নির্বাচনের পূর্বে দাবী না মানা হলে তাঁরা ভোট বয়কট করবেন বলে ঘোষণা করেন। সাংসদ গণি খাঁন চৌধুরীর সঙ্গে চাঁই নেতাদের মধ্যে ভরতচন্দ্র মণ্ডল ছাড়াও সহ-সভাপতি সুরেন্দ্রনাথ মণ্ডল, যুগ্ম-সম্পাদক সুভাষ সরকার, রাজ্য কমিটির সদস্য গয়ানাথ মণ্ডল ও দুর্গেশ মণ্ডল দিল্লী যান।

## চব্বিশ ঘণ্টার মধ্যে ষ্টেট বাসে দুটি ডাকাতি

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৬ ডিসেম্বর দুর্গাপুর—রঘুনাথগঞ্জ রুটের ষ্টেট বাসে রাতে ডাকাতি হয়। মোড়গ্রাম ষ্টপেজ থেকে প্রায় ৮ জন দুষ্কৃতি যাত্রী সেজে বাসে ওঠে। দুষ্কৃতিরা রিভালবার দেখিয়ে চলন্ত বাসের যাত্রীদের কাছ থেকে প্রায় ৮০ হাজার টাকার মত নগদে ও অন্যান্য সামগ্রী লুট করে সাগর-দীঘি থানার অনুপপুরের কাছে বাস থামিয়ে নেমে অন্ধকারে গা ঢাকা দেয়। (শেষ পৃঃ দ্রঃ)

## হাসপাতালে বিদ্যুৎ বিল বিভ্রাট

রঘুনাথগঞ্জ ঃ স্থানীয় মহকুমা হাসপাতালের সমস্যার অন্ত নেই। দিন রাত প্রতিদিনই একটা না একটা বিভ্রাট তার নিত্য সঙ্গী। এবারের ঘটনা কোয়ার্টারের বিদ্যুৎ বিল নিয়ে। পরিমাণ কম নয় প্রায় ২৫ হাজার টাকা। খবর হাসপাতাল চত্বরের ৮০টি কোয়ার্টারে গত ১৯৯৪ এর ডিসেম্বর থেকে ১৯৯৫ জুলাই পর্যন্ত বিল এসেছে ইলেকট্রিক বিভাগ থেকে। এত টাকা ( শেষ পৃঃ দ্রঃ )

## সাগরদীঘি পঞ্চায়েত সমিতির অচলাবস্থা কাটল

সাগরদীঘি ঃ এই পঞ্চায়েত সমিতির সভাপতি উত্তম মুখার্জী প্রাথমিক শিক্ষক হিসাবে কাজে যোগ দেওয়ায় সরকারী নিয়মানুযায়ী তাঁকে সভাপতির পদ ছাড়তে হতো। কিন্তু শিক্ষা-বিভাগের আদেশে তিনি শিক্ষকপদে ছুটি নিয়ে সভাপতির কাজ করতে পাবেন। সেই মত উত্তম মুখার্জী ছুটি চাইলে শিক্ষা বিভাগ তা মঞ্জুর করেন। পঞ্চায়েত বিভাগকে সেই ছুটি মঞ্জুরী জানিয়ে দেওয়া হলে পঞ্চায়েত বিভাগ তাঁকে সভাপতি পদে বহাল থাকার অনুমতি দিলেন।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১৮ই পৌষ বুধবার, ১৪০২ সাল ।


## স্বাগত নববর্ষ

ডিসেম্বর শেষ রাত্রির মধ্যম যামের ঘণ্টা-ধ্বনির সঙ্গে সঙ্গে নূতন বর্ষের শুভাগমনকে স্বাগত জানিয়ে গির্জায় গির্জায় বাজিয়া উঠিল মধুর ঘণ্টাধ্বনি। যদিও ইহা ইংরাজী নববর্ষ, তথাপি তাহার সঙ্গে সম্পর্ক এদেশের মানুষের দীর্ঘদিনের। দেশীয় নববর্ষের তুলনায় ইংরাজী নববর্ষের সহিত ভারতীয় জনগণের জীবনযাত্রা অধিকতর জড়িত। আর্থিক, বাণিজ্যিক, শিক্ষা, সাংস্কৃতিক স্তরে এই ইংরাজী বর্ষের সংযোগ বাংলা নববর্ষের বা দেশীয় অন্যান্য নূতন বরষের চাহিয়া অনেক বেশী। সেই কারণেই ইংরাজী নববর্ষের বরণে আমাদের দেশের ঘরে ঘরে উৎসবের বন্যা বহিতেছে। নববর্ষকে আহ্বান মুহূর্তে আমরা তাই স্মরণ করি বিগত সনের ঘটনা-বলীকে। বিগত বৎসরে আমরা সুখ দুঃখের বিভিন্ন ঘটনাকে স্মরণ করিয়া তাহাকে সাদরে জানাই বিদায় অভিনন্দন। ১৯৯৫ এ জনমন প্লাবিত ঘটনার মধ্যে বিশেষ ঘটনা হইল পূর্ণগ্রাস সূর্য্যগ্রহণ। দীর্ঘ বৎসরের ব্যবধানে এই অতিপ্রাকৃত ঘটনা ভারতবর্ষ হই.তই দেশী বিদেশী বহু মানুষ প্রত্যক্ষ করিবার সুযোগ পাইলেন। দেশবিদেশের বিজ্ঞানীরা এ দেশের মাটি হইতেই এই সূর্য্যগ্রহণ দর্শন করিয়া নানা পরীক্ষা-নিরীক্ষার সুযোগ পাইলেন। সূর্য্যগ্রহণকে কেন্দ্র করিয়া আমরা বুঝিতে পারিলাম সর্বজনের কুসংস্কারমুক্ত মনের বিজ্ঞানমনস্কতা। তেমনি বিগত বৎসরই প্রমাণ করিল ভারতের জনমনে কুসংস্কার বাসা বাঁধিয়া আছে পাথরের গণেশের দুগ্ধপান করিবার একদিনের ঘটনার মধ্য দিয়া। রাজনীতিক, বিচারক, বিবেকবান বহু মানুষই ঐ একদিনের হুজুগে মাতিয়া পাথরের গণেশকে দুগ্ধপান করাইয়া আত্মহারা হইয়া উঠিল। বিগত বৎসরে ম্যালেরিয়া মহামারী কলিকাতার বুকে ঝাঁপাইয়া পড়িয়া বহু মানুষের প্রাণহানী ঘটাইয়া বিগত বৎসরকে শোকাচ্ছন্ন করিল, মানুষের অসহায়তা প্রকৃতির কাছে ব্যাপকভাবে প্রকট হইয়া উঠিল। বিগত বৎসরেই মানুষের অর্থলিপ্সা প্রকটভাবে প্রমাণিত হইল 'শিবালিক' বহুতল বাড়ীর ধ্বংসের ঘটনার মধ্য দিয়া। প্রোমোটারগণ নিজ স্বার্থ পূরণে শত শত মানুষের জীবনের মূল্য লইয়া পাশা খেলিয়া দেখাইয়া দিল মানুষ কত স্বার্থপর। সর্বশেষ কয়েকটি ঘটনা বিগত বৎসরের শেষ পর্বে মানুষকে সর্বশেষ আঘাত দিয়া সচকিত করিয়া গেল। হরিয়ানায় অগ্নিকাণ্ডে নিহত হইল প্রায় নয়শতজন শিশু, বালক, বৃদ্ধবৃদ্ধা। কলিকাতার পাতালরেলে অগ্নিকাণ্ড আর এক বিস্ময়কর ঘটনা। সাগরমেলায় নৌকাডুবিতে বেশ কিছু মানুষের সলিল সমাধি। হাওড়ায় জেটি ভাঙ্গিয়াও নিহত হইল কয়েক শত মানুষ। বৎসরের একেবারে শেষ মুহূর্তে ভারতের অসহায় অবস্থা প্রকট করিয়া দিল—বিদেশী বিমান হইতে পুরুলিয়ায় ৩৫ কোটি টাকা মূল্যের ভয়াবহ মারণাস্ত্রের প্যারাশুট ড্রপিং। বিগত বৎসরে সংসদের অচল অবস্থা সৃষ্টি করিয়া বিরোধীরা শাসক কংগ্রেস সরকারকে প্রায় পর্যুদস্ত করিয়া তুলিয়াছিল। শেষ পর্যন্ত অবশ্য সংসদ আবার কোনক্রমে চালু হইয়া সরকারের মান রক্ষা করিল। নূতন বর্ষে আমরা প্রত্যাশা করি আগামী নির্বাচনে স্থিতিশীল সরকার গঠিত হইবে এবং ভারতকে শক্তিশালী এক রাষ্ট্রে পরিণত করিবে। সাম্প্রদায়িকতা, বর্ণবিদ্বেষ দূরীভূত কুসংস্কারমুক্ত এক মহাজাতির দেশ হিসাবে ভারতের নবঅভ্যুদয় ঘটিবে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )


### পুরসভায় অস্থায়ী ১২ জন কর্মী স্থায়ী হলেন প্রসঙ্গে

গত ৪ঠা পৌষ সংখ্যায় ঐ সংবাদে লেখা হয়েছে—'কর আদায় বিভাগের একজন মহিলা কর্মী বিয়ের পর চাকরী ছেড়ে দেওয়ায় যে শূন্যপদের সৃষ্টি হয়েছে'—উক্তির আমি ঐ মহিলা কর্মীর পিতা হিসাবে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। প্রকৃত ঘটনা আমার কন্যা সুচীতা মণ্ডল কর বিভাগে ৭/৮ বছর যাবৎ কাজ করার পর গত ১৯৯০ সালে তার বিয়ে উপলক্ষে এক মাস ছুটি নেয়। ছুটির শেষে সে কাজে যোগ দিতে গেলে তাকে যোগ দিতে দেওয়া হয় না। পৌরপতি তাকে ছাড়িয়ে দেন। অনেক অনুরোধেও পৌরপতি তাঁর আদেশ পাল্টান না। বাধ্য হয়ে সে মহামান্য হাইকোর্টের শরণ নেয়। তাই তিনি পদত্যাগ করেছেন এ তথ্য সত্য নয়। উল্লেখ্য ডাইরেক্টর অফ লোকাল সেলফ গভর্ণমেন্ট উক্ত ১৪ জন ক্যাজুয়াল কর্মীর কাছ থেকেই ষ্টেটমেন্ট নিয়ে যান।

ভবানীপ্রসাদ মণ্ডল
জঙ্গিপুর

## নক আউট ফুটবল প্রতিযোগিতা

সাগরদীঘি : গত ১৯ ডিসেম্বর বালিয়া নেতাজী সংঘের পরিচালনায় সুশীলাদেবী ভবেশচন্দ্র স্মৃতি শিল্ড নক আউট নবম বর্ষ ফুটবল প্রতি-যোগিতা অনুষ্ঠিত হয়। চানক আদিবাসী ক্লাব বেলডাঙ্গা জোয়ান সাঁওতাল ক্লাবকে ট্রাইব্রেকারে (৪—২) পরাজিত করে ঐ ট্রফি লাভ করে। বিজয়ী দলের বাবু সেখ এবং বিজিত দলের ইলিয়া মারডি সেরা খেলোয়ার নির্বাচিত হন। রাজা সেখ, রূপচাঁদ মারডি ও সুখরঞ্জন দাস বিশেষ পুরস্কার পান। ক্লাব সম্পাদক বিজন সরকারের পরিচালনায় অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে শেষ হয়।




রাজ্য খাদ্যমন্ত্রীর মতে পাচার হয়ে যাচ্ছে বলে চাল, ডাল, তেল ইত্যাদির দাম কমানো সম্ভব নয়।

—এ তো বড় রঙ্গ জাদু!

* * *

কেন্দ্রীয় সরকার নাকি নেতাজীর তথাকথিত চিতাভস্ম আনা ও তার ডি এন এ পরীক্ষার ব্যাপারে পিছিয়ে গেছেন।

—ইট্‌স্ আ গ্লোরিয়াস্ রিট্রিট!

* * *

'রাজ্য কংগ্রেসের গোষ্ঠীকোঁদল সম্বন্ধে কিছু বলুন।' অনুরোধ

—শ্রীবাতুলোবাচ : এটা এখন ভল্লুকোদ্যান—a bear garden।

* *

দৈনিক 'বর্তমান'-এ 'প্রতিকার চাই' কলম বেরুচ্ছে।

—প্রতিকার ত চাই, তবে পাই কোথায়?

* *

জল-সঙ্কটের ফলে কলিকাতায় দুধ সরবরাহ ব্যাহত হবে বলে খবর।

—গরু-মোষে জল না খেলে দুধ দেবে কী করে? আর জল না থাকলে দুধে দেওয়া যাবে কী।

* *

টেলি কেলেঙ্কারির জন্যে সুখরাম ইস্তাতে সংসদের উভয় কক্ষ উত্তাল। —খবর।

—সুখ এবং 'রাম'-এর জন্যে টানাহ্যাঁচড়া চিরন্তন ব্যাপার।

* *

'উলফিল'—উল নয় অথচ উলের আমেজ। —বিজ্ঞাপন।

—উল না হলেও ফিল্ করতে হবে যে, উল! তাহলে অত দাম দিয়ে উল কিনে ভুল করা কেন?

## ডি আই সি ও'র কাছে সাংবাদিক সংঘের ডেপুটেশন

বহরমপুর : মুর্শিদাবাদ জেলা থেকে প্রকাশিত ক্ষুদ্র সংবাদপত্র ও সাংবাদিকদের বিভিন্ন সমস্যা অবিলম্বে সমাধানের দাবীতে জেলা সাংবাদিক সংঘের পক্ষ থেকে এক প্রতিনিধিদল গত ১৮ ডিসেম্বর জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের সঙ্গে দেখা করে ১০ দফা দাবী সম্বলিত একটি স্মারকলিপি পেশ করেন। হৃদ্যতাপূর্ণ পরিবেশে ডি আই সি ও সুভাষ সরকার দাবীগুলি নিয়ে প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা করেন। দাবীগুলির মধ্যে ছিল সরকারী বিজ্ঞাপন নীতি শতকরা ১৫ ভাগ জেলার ক্ষুদ্র সংবাদ পত্রগুলিতে অবিলম্বে প্রদান; বিজ্ঞাপন বাবদ বকেয়া পাওনা প্রদান; বিজ্ঞাপনের মূল্যহার বৃদ্ধি; সমস্ত সরকারী দপ্তরের বিজ্ঞাপন জেলা তথ্য অফিসের মাধ্যমে বিতরণ; সমস্ত সরকারী বাসে পত্রিকা পিছু দুজন সাংবাদিককে ভ্রমণের জন্য ফ্রি-পাশ; পত্রিকায় প্রকাশিত অভিযোগগুলির ভিত্তিতে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ এবং জেলা ও মহকুমা প্রশাসনিক ভবনে প্রেস কর্ণার স্থাপন ইত্যাদি। আলোচনার ভিত্তিতে স্থির হয়—জেলা তথ্য আধিকারিক উক্ত দাবীগুলির মধ্যে যেগুলি তাঁর এক্তিয়ারভুক্ত নয় বা সরকারী নীতি সম্পর্কিত ব্যাপার, সেগুলি তিনি উর্ধতন কর্তৃপক্ষের দৃষ্টিতে আনবেন এবং যেগুলি তাঁর এক্তিয়ারভুক্ত সেগুলি পূরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। সাংবাদিক সংঘের পক্ষ থেকে প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন অমলেন্দু সরকার (সম্পাদক), নূর আলম (কোষাধ্যক্ষ), অপূর্বকুমার সেন (সদস্য), অপূর্বকুমার ভট্টাচার্য (সহ-সম্পাদক), অধ্যাপক দীপংকর চক্রবর্তী (সদস্য), সুনীল দাস রায় (সদস্য); সাবিত্রীপ্রসাদ গুপ্ত (সদস্য), নবকুমার মুখোপাধ্যায় (সহ-সভাপতি) এবং জগন্নাথ মজুমদার (সহ-সভাপতি)।

## মনিগ্রামে পানীয় জলের অভাবে নাভিশ্বাস

সাগরদীঘি : এই ব্লকের মনিগ্রামে পানীয় জলের ব্যাপক অভাব দেখা দিয়েছে। প্রায় সব নলকূপই অকেজো হয়ে পড়ায় এই অবস্থা বলে গ্রামবাসীদের অভিযোগ। মনিগ্রামের গ্রাম পঞ্চায়েত প্রধান জানান এক বছর ধরে সরকার থেকে কোন টাকা না পাওয়ায় নলকূপ সংস্কার করতে পারছেন না। নূতন বসানো তো অনেক দূরের কথা।

## জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের নির্বাচন

জঙ্গিপুর : এ বছর জঙ্গিপুর উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে সর্বসম্মতিক্রমে কেতকীকুমার পাল সম্পাদক, পঞ্চানন দাস সভাপতি ও নন্দকিশোর মুন্দ্রা সহ-সভাপতি নির্বাচন হয়েছেন।

## গ্রামীণ উদ্যোগ বিকাশ প্রশিক্ষণ

রঘুনাথগঞ্জ : গত ১২ থেকে ২১ ডিসেম্বর গণ-উন্নয়ন পর্ষদ, কলিকাতার পরিচালনায় ও মুর্শিদাবাদ ডিপ্রেস্ড লীগের সহযোগিতায় স্থানীয় অগ্নিফৌজ ক্লাবে গ্রামীণ উদ্যোগ বিকাশ কর্মসূচীর প্রশিক্ষণ চলে। এই প্রশিক্ষণ শিবিরে মহকুমার ৫টি ব্লক ও জঙ্গিপুর পুরসভার মোট ৮১ জন শিক্ষার সুযোগ গ্রহণ করার আবেদন করলে ২৫ জনকে এই সুযোগ বর্তমানে দেওয়া হয়। এই শিবিরে ক্ষুদ্র ব্যবসা সংক্রান্ত আলোচনা চলে এবং হাতে-কলমে শিক্ষা দেন গণ-উন্নয়ন পর্ষদের চিত্তরঞ্জন পাল ও সৌমেন্দ্রমোহন চক্রবর্তী। অন্যান্য প্রশিক্ষকদের মধ্যে ইউ বি আই এর রঘুনাথগঞ্জ শাখার ম্যানেজারসহ বহু বিশিষ্ট ব্যক্তি ছিলেন। ঐ ২৫ জনকে মানপত্র দেওয়া হয়। পরে গত ২১ ডিসেম্বর শ্রীকান্তবাটী স্কুলের সামনে প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্রের অফিসে মুর্শিদাবাদ জেলা স্বেচ্ছাসেবক সমন্বয় সমিতি গঠন করার উদ্দেশ্যে আলোচনা হয়। যে কোন ক্লাব এতে অংশ গ্রহণ করতে পারবেন বলে স্থিরীকৃত হয়। আলোচনায় অংশ নেন বিভিন্ন ক্লাবের প্রতিনিধিবৃন্দ গণ-উন্নয়ন পর্ষদ পক্ষে সৌমেন্দ্র চক্রবর্তী, মুর্শিদাবাদ ডিপ্রেস্ড লীগ পক্ষে অমলকুমার হালদার ও এন এ আর এস এস (নার্স) পক্ষে ফাল্গুনী সান্যাল প্রমুখ।

## প্রাথমিক ছাত্রদের ক্রীড়া প্রতিযোগিতা

সাগরদীঘি : গত ২০-২১ ডিসেম্বর এই ব্লকের ১১টি গ্রাম পঞ্চায়েতের প্রাথমিক ছাত্র-ছাত্রীদের ক্রীড়া প্রতিযোগিতা স্থানীয় উচ্চ বিদ্যালয় মাঠে সম্পন্ন হয়। প্রথম দিন সাগরদীঘি চক্রের অবর পরিদর্শক ও ২য় দিন সাগরদীঘি পূর্বচক্রের অবর পরিদর্শক এবং শিক্ষক সমিতির সম্পাদক নিজামুদ্দিন সেখ অনুষ্ঠান পরিচালনায় বিশেষ কৃতিত্বের পরিচয় দেন। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির সভাপতি উত্তম মুখার্জী। প্রধান অতিথি ছিলেন জেলা সহকারী বিদ্যালয় পরিদর্শক।

ফরাক্কা : গত ২১ ডিসেম্বর ফরাক্কা ব্যারেজ ফুটবল মাঠে ফরাক্কা চক্রের অন্তর্গত প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয় সমূহের ছাত্র-ছাত্রীদের সপ্তদশ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এই চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক মহঃ জহরুল ইসলাম এবং প্রধান অতিথি ছিলেন সৈয়দ নুরুল হাসান কলেজের (ফরাক্কা) প্রিন্সিপ্যাল ইনচার্জ শ্রীমতী মৈত্রেয়ী ঘোষ। ক্রীড়া প্রতিযোগীদের মাঠ পরিক্রমা ও পতাকা উত্তোলনের মাধ্যমে শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি মৈত্রেয়ী ঘোষ ছোট ছোট শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধূলার উপর গুরুত্ব দিতে বলেন।

## পুলিশী অত্যাচারের বিরুদ্ধে মহিলা সমিতির ডেপুটেশন

রঘুনাথগঞ্জ : পশ্চিমবঙ্গ মহিলা সমিতি জঙ্গিপুর লোকাল পরিষদের পক্ষে সম্পাদিকা ডাঃ সবিতা সিন্হা জানান জরুর অঞ্চলের নিস্তা গ্রামে মহিলা কর্মীদের উপর এই থানার পুলিশের অত্যাচারের বিরুদ্ধে তাঁরা মহকুমা-শাসক এবং মহকুমা পুলিশ প্রশাসকের কাছে এক লিখিত ডেপুটেশন দেন। গত ১৯ ডিসেম্বর প্রায় চারশো মহিলা কর্মী, জেলা সম্পাদিকা যুঁই দাশগুপ্তা, জেলা পরিষদের সদস্যা শিখা রায় ও জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদিকা ডাঃ সবিতা সিন্হার নেতৃত্বে এই ডেপুটেশন দেন বলে ডাঃ সিন্হা জানান। অভিযোগপত্রে তাঁরা রাতে ঐ গ্রামে প্রবেশ করে পুলিশ নিস্তার যতীন্দ্র মণ্ডল, শিবু মণ্ডল, সর্বেশ্বর মণ্ডলের বাড়ীতে ঢুকে নানারূপ অত্যাচার চালায়, ঘরবাড়ী ভঙ্গচুর করে, ঘুমন্ত মেয়েদেরও টেনে তুলে গালাগালি করে। মহিলা সমিতি জানান যদি মহকুমা শাসক ও মহকুমা পুলিশ প্রশাসক কোন ব্যবস্থা না নেন তবে তাঁরা বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবেন।

## ম্যালেরিয়ায় মৃত্যু

সাগরদীঘি : ১২ ডিসেম্বর, ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে গত সপ্তাহে সাগরদীঘি গার্লস হাই স্কুলের ৬ষ্ঠ শ্রেণীর এক ছাত্রী মারা গেছে। তার স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা জানাতে ৫ ডিসেম্বর স্কুল ছুটি দেওয়া হয়। নির্ভরযোগ্য অপর এক সূত্রে জানা গেছে সাগরদীঘি ব্লকের মালিয়াডাঙ্গা, জুগোর এবং সন্তোষপুর গ্রামে একজন করে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। এরা সকলেই বাইরে কাজ করে বাড়ী ফেরার সময় জ্বর নিয়ে ফিরেছে। পরীক্ষায় জানা যায় তাদের ওই জ্বর ম্যালেরিয়া।

## বাবাসাহেব আম্বেদকর পুরস্কার পেলেন জঙ্গিপুরের সন্তান

বিশেষ সংবাদদাতা : জঙ্গিপুরের সন্তান সুভাষকান্তি রায় বাংলা দলিত সাহিত্য সংস্থা থেকে বাবাসাহেব আম্বেদকর সমাজ দর্শন প্রচার, সামাজিক ন্যায় প্রতিষ্ঠা, দলিত মুক্তি আন্দোলন ও সাহিত্য সংস্কৃতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালনের স্বীকৃতি স্বরূপ শংসাপত্র পেলেন। শ্রীরায়কে ১৯৯৫ সালের মহেন্দ্রনাথ করণ পুরস্কার দেয়া হয়।


সবারে জানাই আহ্বান

এখানে বাংলা, ইংরেজী ও হিন্দীতে যে কোন রবার ষ্ট্যাম্প এক ঘন্টার মধ্যে সরবরাহ করা হয়।

বন্ধু কর্ণার

অজিত বারিক

রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

### দৌড়ঝাঁপে নবভারত মান বজায় রেখেছে

নিজস্ব সংবাদদাতাঃ গত ২৪ ডিসেম্বর বহরমপুর ব্যারাক স্কোয়ার গ্রাউণ্ডে জেলা স্পোর্টস এ্যাসোসিয়েশনের পরিচালনায় বার্ষিক দৌড়-ঝাঁপ প্রতিযোগিতায় মির্জাপুর নবভারত স্পোর্টিং ক্লাব তার নিজস্ব মান বজায় রেখে এই মহকুমার গৌরব বাড়িয়েছে। ১৫০০ মিঃ দৌড়ে সিনিয়র বয়েজ বিভাগে পার্থ দাস প্রথম, ৪০০ মিঃ দৌড়ে জুনিয়ার বয়েজ বিভাগে সেলিম সেখ প্রথম, সাব-জুনিয়ার বয়েজে ১০০ মিঃ ও ৪০০ মিঃ দৌড়ে আলাউদ্দিন প্রথম সাব-জুনিয়র গার্লস লং জাম্পে শেফালী খাতুন প্রথম, জুনিয়ার গার্লসে রেখা খাতুন হাই-জাম্পে প্রথম ৪০০ মিঃ দৌড়ে দ্বিতীয় এবং বৈশাখী সরকার ৪০০ মিঃ দৌড়ে তৃতীয় স্থান লাভ করেন। রাজ্য প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য মনোনীত হন সেলিম সেখ।

### চোরা চালানের সঙ্গে যুক্ত হয়েছে গো হত্যা

সাগরদীঘিঃ এই ব্লকের ঈদগাহা হয়ে বালিয়ার মধ্যে দিয়ে বাংলাদেশ প্রতিদিন শয়ে শয়ে গরু চালান যাচ্ছে। এখন এর সঙ্গে যুক্ত হয়েছে আর একটি ব্যবসা। পথে নিয়ে যেতে যেতে যে সব গরু অসুস্থ হ'য়ে পড়ছে, সেগুলিকে পথের ধারেই হত্যা করে চামড়া ও মাংস বিক্রি করা হচ্ছে। এর ফলে গ্রামেগঞ্জে হিন্দুদের মধ্যে ক্রমশঃ ক্রোধ সঞ্চার হচ্ছে এবং যে কোন সময় সেই রোষ ফেটে পড়ে সাম্প্রদায়িক অশান্তি হতে পারে বলে শান্তিপ্রিয় মানুষেরা মনে করছেন। কিন্তু দুঃখের বিষয় প্রশাসন সব জেনে শুনেও উদাসীন। পুলিশ ও কাষ্টমস্ কেউই এ ব্যাপারে কিছু করছেন না।

### জেলা সাংবাদিক সংঘের সম্মেলন

নিজস্ব সংবাদদাতাঃ আগামী ২৫ ফেব্রুয়ারী মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের ৩৬তম বার্ষিক সাধারণ সভা ও সম্মেলন অনুষ্ঠিত হবে ফরাক্কা ব্যারেজ রিক্রিয়েশন হলে (সত্যনারায়ণ মঞ্চ)। ঐ দিনে প্রকাশ্য সমাবেশে জেলার বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত থাকবেন।

### বিশাল কংগ্রেসী জনসভা (১ম পৃষ্ঠার পর)

দলনেতা ডাঃ জয়নাল আবেদিন, জটু লাহিড়ী, আবু হেনা, সাবিত্রী মিত্র, মায়া পাল, অতীশ সিংহ, কলকাতার পুর কাউনসিলার পার্থ রায় চৌধুরী প্রমুখ। নেতারা তাঁদের বক্তব্যে এই নৃশংস হত্যাকাণ্ডের তীব্র নিন্দা করেন। তাঁরা বলেন নির্বাচনের পূর্বে সিপিএম এই অঞ্চলে তাঁদের দাপট বাড়াতে এই জঘন্য পথ বেছে নিয়েছে। সিপিএম এখন দুর্নীতিতে ভরা এ কথার সমর্থনে তাঁরা বামফ্রন্টের সিপিএম মন্ত্রী বিনয় চৌধুরীর সাম্প্রতিক বক্তব্যকে তুলে ধরেন।

### ষ্টেট বাসে দুটি ডাকাতি (১ম পৃষ্ঠার পর)

গত ২৫ ডিসেম্বর রাত ১০-৩০ নাগাদ ৩৪নং জাতীয় সড়কে রায়গঞ্জ কলকাতাগামী যাত্রী বোঝাই সিএসটিসি বাসে এক ডাকাতি হয়। দুবৃত্তরা মালদা ও ফরাক্কা থেকে বাসে উঠে। সুতি ও রঘুনাথগঞ্জ থানা এলাকার সংযোগস্থলে তারা ড্রাইভারকে ভয় দেখিয়ে বাস থামায় ও লুটপাট চালায় বলে জানা যায়। কণ্ডাক্টারের কাছ থেকে নগদ ১৮০০ টাকা ও যাত্রীদের নগদ টাকা, আসবাবপত্র, ঘড়ি ও অলঙ্কার লুটে দুষ্কৃতীরা বাস থেকে পালিয়ে যায়।

### হাসপাতালে বিদ্যুৎ বিল বিভ্রাট (১ম পৃষ্ঠার পর)

এক সঙ্গে কর্মীরা দিতে নারাজ জানিয়েছেন সুপারকে বলে খবর। ফলে এই ২৫ হাজার টাকা অনাদায়ী হয়ে পড়ে আছে। লাইনও কাটা হয়নি কর্মী আন্দোলনের ভয়ে। অন্য দিকে জানা যায় হাসপাতাল চত্বরের পোষ্টমর্টেম ঘরের এয়ার কণ্ডিশন মেশিনটি বেশ কিছুদিন থেকে অকেজো। মৃতদেহ ঠিক রাখতে বরফ কিনে আনতে হচ্ছে মৃতের আত্মীয় স্বজনকেই।

বিয়ে পৈতে অন্নপ্রাশন ইত্যাদি অনুষ্ঠানের নানা ডিজাইনের কার্ডের একমাত্র প্রতিষ্ঠান।

কার্ডস ফেয়ার

রঘুনাথগঞ্জ ॥ ফোনঃ ৬৬-২২৮

AKAI

Colour TV

Tokyo Japan

DEALER:

Bharat Electronic

Raghunathganj ॥ Phone: 66321

卐 চন্দ্র বস্ত্রালয় 卐

রেশম খাদি এবং তাঁতবস্ত্র বিক্রয় কেন্দ্র

বাজারপাড়া ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

এখানে যাবতীয় খাদি বস্ত্র, রেশমজাত বস্ত্র, মুর্শিদাবাদ সিল্ক, গরদ, করিয়াল এবং জামদানী শাড়ী, গরদ কেঠে মটকার থান, কাঁথা ষ্টিচের থান প্রভৃতি ন্যায্য মূল্যে পাইবেন। এছাড়া রয়েছে সমস্ত প্রকার তাঁতের শাড়ীর সম্ভার। যাবতীয় বস্ত্রের উপর নির্দ্ধারিত রিবেট দেওয়া হয়।

'এপিয়ারী' মধু একমাত্র এখানেই পাইবেন।

১৮০ টাকা থেকে ২০০ টাকার মধ্যে পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী।

আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।



বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নংঃ গনকর ৬২০২৯

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।